



বুধবার মিরপুর বাঙলা কলেজ হোস্টেলে অভিযান চালিয়ে পিস্তল, দা, বতসহ বিপুলসংখ্যক দেশি অস্ত্র উদ্ধার করে পুলিশ

সমকাল

বাঙলা কলেজে পুলিশের অভিযান : অস্ত্র উদ্ধার

## ছাত্রলীগের নেতাকর্মীসহ ১০ জন গ্রেফতার

সমকাল প্রতিবেদক

রাজধানীর মিরপুর সরকারি বাঙলা কলেজের প্রিন্সিপাল আবুল কাসেম ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে হল শাখা ছাত্রলীগের নেতাকর্মীসহ ১০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার রাত থেকে পাতকাল বুধবার ভোর পর্যন্ত তল্লাশি অভিযান চালানো হয়। এ সময় গুলি ও অনেক ধরনের অস্ত্র উদ্ধার করা হয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা হয়েছে। মহানগর পুলিশের মিরপুর বিভাগের

পৃষ্ঠা ১৩ : কলাম ৪

## ছাত্রলীগের নেতাকর্মীসহ ১০ জন

[প্রথম পৃষ্ঠার পর]

উপকমিশনার ইমতিয়াজ আহমেদ জানান, একটি ছাত্র সংগঠনের দুটি ফ্লোর আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে অস্ত্র মজুদ করেছে বলে পুলিশের কাছে তথ্য ছিল। এ ছাড়া কলেজ কর্তৃপক্ষও ছাত্রাবাসে অস্ত্র মজুদের তথ্য দিয়েছিল।

গ্রেফতারকৃতরা হচ্ছেন- প্রিন্সিপাল আবুল কাসেম ছাত্রাবাস শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম শিলির, ছাত্রলীগ কর্মী সোহেল রানা অনিক, সোহেল রানা, কাজী ইমরান, আফজাল হোসেন ও আবুল বাশার। বহিরাগত ৪ জন হচ্ছেন- আবদুল খালেক, নসরুল্লাহ, মাসুম ও গোলাম মাদলা। উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে একটি রিভলবার, তিনটি ম্যাগাজিন, ১৪টি গুলি, ২০টি চাপাতি-কিরিচ, একটি ককটেল, একটি খেলনা পিস্তল, ১৭টি বড় মোহার রড ও বেশ কিছু লাঠি।

দারুস সালাম থানার ওসি রফিকুল ইসলাম জানিয়েছেন, ছাত্রাবাসে অভিযান চালিয়ে ৪২ জনকে আটক করা হয়েছিল। বাঙলা কলেজের অধীক্ষক ও হল প্রভোস্ট ৩২ জন সাধারণ ছাত্র হিসেবে শনাক্ত করায় তাদের ছেড়ে দেওয়া হয়। বাকি ১০ জনের মধ্যে ছয়জন হল শাখা ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী এবং চারজন বহিরাগত। আজ বুধসপ্তাহের সকালে গ্রেফতারকৃতদের আদালতে হাজির করা হবে বলে তিনি জানান।